# আন্তর্জাতিক আরকাইভস দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের প্রতিবেদন।

৯ই জুন যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয় আন্তর্জাতিক আরকাইভস দিবস। আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ (০৬-১০ জুন ২০২২) উদযাপন উপলক্ষ্যে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহের এবারের প্রতিপাদ্য 'Archives Are You'। বিকাল ২:০০ টায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে ফেস্টুন ও বেলুন উড়িয়ে আন্তর্জাতিক আরকাইভস দিবসের শুভ উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি। এছাড়া অধিদপ্তরের জাতীয় গ্রন্থাগার মিলনায়তনে বিকাল ২:৩০ টায় অনুষ্ঠিত 'Archives Are You' শীর্ষক সেমিনারে তিনি প্রধান অতিথির বক্তৃতা প্রদান করেন। তিনি তার বক্তৃতায় জাতীয় আরকাইভসকে রাষ্ট্রের গুরুত্বপূর্ণ নথিপত্র ও দলিল-দস্তাবেজের সংরক্ষণাগার বলে অভিহিত করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে প্রায় সাড়ে চার একর জায়গার ওপর আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর প্রতিষ্ঠা করেন। ২০০১ সালে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় আরকাইভস ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অধিদপ্তরে সংরক্ষিত ডকুমেন্টসকে ডিজিটাইলাইজড করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তিনি আগামী ২/৩ মাসের মধ্যে প্রস্তাবিত প্রকল্পটি পরিকল্পনা কমিশনে প্রেরণের আশাবাদ ব্যক্ত করেন।

স্বাগত বক্তব্যে অধিদপ্তরের পরিচালক জনাব এস, এম, আরশাদ ইমাম ইন্টারন্যাশনাল কাউন্সিল অন আরকাইভস (আইসিএ) কর্তৃক ঘোষিত সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচির উল্লেখ করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ আরকাইভস এন্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটি (বারমস)-এর প্রেসিডেন্ট প্রফেসর ড. শরীফ উদ্দিন আহমেদ। তিনি বলেন, আরকাইভস জাতির স্বরূপ বিনির্মাণে সাহায্য করে। তিনি আগামী সেপ্টেম্বরের মধ্যে আরকাইভস বিষয়ক কোর্স চালু করার জন্য মহাপরিচালককে অনুরোধ করেন। তিনি জাতীয় আরকাইভসকে সত্যিকার অর্থে ডিজিটাল আরকাইভসে রূপান্তর করার ওপর গুরত্বারোপ করেন। এছাড়া তিনি বলেন, জাতীয় আরকাইভসকে আরও বন্ধুসুলভ করতে হবে। এজন্য শিক্ষার্থীদেরকে জাতীয় আরকাইভস পরিদর্শন করার সুযোগ করে দিতে হবে।

পঠিত প্রবন্ধের ওপর ইতিহাসভিত্তিক তথ্যবহুল আলোচনা করেন বারমস এর সেক্রেটারি জনাব জালাল আহমেদ। তিনি ডিজিটাল রেকর্ডের পাশাপাশি মূল রেকর্ড সংরক্ষণের ওপর গুরত্বারোপ করেন। তিনি মুঘল আরকাইভসকে নিয়ে উচ্চতর গবেষণা করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। আলোচনায় অংশগ্রহণ করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম সাবিহা পারভীন বলেন, আরকাইভস গৌরবোজ্জ্বল অতীতকে সংরক্ষণ করে। তিনি আরও বলেন, আর্কিভিস্ট হতে হলে প্যাশনিস্ট হতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম পঠিত প্রবন্ধের ওপর আলোচনায় আরকাইভস আইনের ধারা ৭(ঘ) ও ২০ এর আলোকে আরকাইভস বিষয়ক কোর্স চালু করা যায় মর্মে উল্লেখ করেন। তিনি জাতীয় গ্রন্থগার দিবসের ন্যায় জাতীয় আরকাইভস দিবস চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। এছাড়া তিনি আরকাইভস লিটারেসি শুরু করার ওপর জোর দেন। তিনি আরকাইভসের গুরুত্ব ও পরিচিতি ব্যাপক প্রচারের জন্য ভবিষ্যতে ফিল্ম আরকাইভস, বিটিভি, মুক্তিযুদ্ধ জাদুঘর ও সমমনা প্রতিষ্ঠানের সঙ্গে মিলিমিশে আন্তর্জাতিক আরকাইভস দিবস পালনের প্রস্তাব করেন ।

সভাপতির বক্তৃতায় অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক নথিপত্র ও জ্ঞান-সামগ্রী সংরক্ষণের গুরুত্ব তুলে ধরেন। জ্ঞানকে সংরক্ষণ করলে পরবর্তী প্রজন্ম সেখান থেকে লাইট (আলো) পাবে বলে উল্লেখ করেন। তিনি বলেন, ২০২১ সালের ২১ নং আইন হলো জাতীয় আরকাইভস আইন। আইনের আওতায় উপদেষ্টা পরিষদ গঠিত হয়েছে। উপদেষ্টা পরিষদের প্রথম সভায় আরকাইভস বিষয়ক কোর্স পরিচালনার অনুমোদন হয়েছে। আগামী সেপ্টেম্বর-অক্টোবর মেয়াদে কোর্সটি চালু হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। বারমসসহ আরকাইভস সংশ্লিষ্ট সকলকে নিয়ে কোর্সের সিলেবাস চূড়ান্ত করে উপদেষ্টা পরিষদের ২য় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। এছাড়া তিনি আরকাইভসকে জনগণের রেকর্ড বলে উল্লেখ করেন- যা প্রশাসনে সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করে। আরকাইভসের সেই চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতীয় আরকাইভসের ডিজিটাইজেশন কাজটি সম্পন্ন করার ওপর তিনি গুরুত্বারোপ করেন। বিশেষ অতিথির বক্তৃতায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবুল মনসুর আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উপলক্ষ্যে জাতীয় আরকাইভস ভবনে ৬ই জুন হতে শুরু হওয়া আরকাইভাল রেকর্ডসের প্রদর্শনীটি ১০ই জুন ২০২২ তারিখ পর্যন্ত সবার জন্য উন্মুক্ত ছিলো।

# স্থিরচিত্রে আন্তর্জাতিক আরকাইভস দিবস : ৯ই জুন ২০২২



৯ই জুন ২০২২ আন্তর্জাতিক আরকাইভস দিবসের শুভ উদ্বোধন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।




আন্তর্জাতিক আরকাইভস সপ্তাহ উপলক্ষ্যে ৯ই জুন ২০২২ তারিখে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় গ্রন্থাগার মিলনায়তনে' Archives Are You' শীর্ষক সেমিনার।



সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি।




বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখছেন।




'Archives Are You' শীর্ষক সেমিনারে সভাপতির বক্তৃতা করছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব ফরিদ আহমদ ভূঁইয়া।




সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করছেন বাংলাদেশ আরকাইভস এন্ড রেকর্ডস ম্যানেজমেন্ট সোসাইটি (বারমস)-এর প্রেসিডেন্ট প্রফেসর ড. শরীফ উদ্দিন আহমেদ।



পঠিত প্রবন্ধের ওপর আলোচনা করছেন বারমস এর সেক্রেটারি জনাব জালাল আহমেদ।




পঠিত প্রবন্ধের ওপর আলোচনা করছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম সাবিহা পারভীন।



পঠিত প্রবন্ধের ওপর আলোচনা করছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম।



স্বাগত বক্তব্য রাখছেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) এস. এম. আরশাদ ইমাম।





'Archives Are You' শীর্ষক সেমিনারে আগত দর্শকদের একাংশ।